

MTA | NEW YORK STATE OF OPPORTUNITY. Department of Transportation | NEW YORK CITY DOT

# কেন্দ্রীয় বাণিজ্য ডিসট্রিক্ট টোলিং প্রোগ্রাম (Central Business District Tolling Program)

### *ট্র্যাফিক কমান, বায়ুর মান উন্নত করুন, জন পরিবহনে বিনিয়োগ করুন*

**কেন্দ্রীয় বাণিজ্য ডিসট্রিক্ট টোলিং প্রোগ্রাম(Central Business District Tolling Program-CBDTP)** ট্র্যাফিক কমাবে এবং New York-এর মেট্রোপলিটান ট্রান্সপোর্টেশন অথোরিটি (MTA)-কে তাদের ট্রানজিট সিস্টেম উন্নত করতে সাহায্য করবে। যেসব গাড়ি ম্যানহাটনের কেন্দ্রীয় বাণিজ্য ডিসট্রিক্টে (central business district-CBD) প্রবেশ করে বা সেখানে থাকে তাদের উপর টোল চাপানো হবে। পূর্ববর্তী গবেষণায় দেখা গেছে যে CBDTP-এর মতো এই ধরনের প্রোগ্রামের দ্বারা ট্র্যাফিক কমাতে এবং বায়ুর মান উন্নত করতে পারে। উন্নত জন পরিবহন ব্যবস্থায় বিনিয়োগের ফলে সিস্টেমের বর্ধিত অ্যাক্সেসের দ্বারা সমতা প্রচারে সাহায্য করতে পারে। প্রোগ্রামের সূচনার দিন ঘোষণার আগে ফেডেরালভাবে প্রয়োজনীয় একটি পরিবেশগত মূল্যায়ন এবং FHWA ভ্যালু প্রাইসিং পাইলট প্রোগ্রাম (Value Pricing Pilot Program - VPPP) আবশ্যিকভাবে সম্পন্ন করা প্রয়োজন।

## কেন্দ্রীয় বাণিজ্য ডিসট্রিক্ট(Central Business District) কোথায় অবস্থিত?

CBD-এর মধ্যে ম্যানহাটনের 60th স্ট্রিট-কে এবং 60th স্ট্রিট-এর দক্ষিণের সমস্ত রাস্তাকে অন্তর্ভুক্ত করা হবে, শুধুমাত্র নিম্নলিখিতগুলি ছাড়া:

- FDR ড্রাইভ এবং ওয়েস্ট সাইড হাইওয়ে/9A, এর মধ্যে ব্যাটারি পার্ক আন্ডারওয়ে এবং ওয়েস্ট স্ট্রিটের সাথে Hugh L. Carey টানেলের সংযোগের সারফেস রাস্তার অংশ রয়েছে।




## আমাদের কেন CBDTP দরকার?

- যানজটের জন্য বহুবছর ম্যানহাটন স্ট্রিট বন্ধ হয়ে থাকে এবং ব্যবস্থা দিন-দিন খারাপ হয়েছে, মহামারির আগে CBD-তে প্রতিদিন 700,000-এর বেশি গাড়ি প্রবেশ করত।
- 2020 সালে মহামারির দরুন যেখানে ট্র্যাফিক সাধারণ দিনের 10%-এ নেমে গিয়েছিল এখন সেখানে তা আবার মহামারি পূর্ব স্তরের 90%-এ পৌঁছে গিয়েছে, যা জন পরিবহন ব্যবহারের প্রত্যাবর্তনের চেয়ে অনেক বেশি।
- INRIX অনুযায়ী, 2021 সালে New York সিটি আমেরিকা যুক্তরাষ্ট্রের সবচেয়ে জনবহুল শহর ছিল।
- NYC-এর মোট ওয়ার্কফোর্স 4.6M; তার মধ্যে 1.5M বা 33% CBD-তে রয়েছে।
- OneNYC 2050, New York সিটির স্ট্র্যাটেজিক প্ল্যান এবং New York সিটি অঞ্চলের 28টি কাউন্টি জুড়ে MPOs থেকে আঞ্চলিক পরিবহন পরিকল্পনা, উভয়ের সাথে সামঞ্জস্যতা অনুযায়ী এবং এদের উদ্দেশ্যের সমর্থন করে।

**ট্র্যাফিক এখন মহামারির আগের স্তরের প্রায় 90%-এ ফিরে এসেছে।**

**প্রাক-মহামারি পর্ব, প্রতি বছর CBD-তে প্রবেশ করত 260M গাড়ি।**

## প্রত্যাশিত সুবিধাসমূহ

- হ্রাসপ্রাপ্ত ট্র্যাফিক যানজট
- MTA সাবওয়ে, বাস এবং সংযোগকারী রেইলরোডগুলির উন্নতি ও আধুনিকীকরণের জন্য একটি নির্ভরযোগ্য অর্থের উৎস।
- উন্নত বায়ুর মান
- ট্র্যাভেল বিকল্প উন্নত করার মাধ্যমে কম আয়সম্পন্ন বাসিন্দা ও পর্যটকদের বর্ধিত অ্যাক্সেস প্রদান

## ইতিহাস

2019 সালের এপ্রিল মাসে গভর্নর Andrew Cuomo MTA সংস্কার এবং ট্র্যাফিক মোবিলিটি অ্যাক্ট (অ্যাক্ট) প্রণয়নের প্রস্তাব দেন যা ইতিমধ্যে আইনসভা থেকে পাস করেছে এবং গভর্নর তাতে সই করে সেটিকে আইনে পরিণত করেছেন। এই অ্যাক্টে বলা হয়েছে যে MTA-এর ট্রাইবোরো ব্রিজ এবং টানেল কর্তৃপক্ষ (Triborough Bridge and Tunnel Authority - TBTA)-এর নকশা, বিকাশ, নির্মাণ ও চালু করবে।

এর পরবর্তী ধাপ হল একটি পরিবেশগত মূল্যায়ন (EA) করা, যা ফেডেরাল সরকারের ফেডেরাল সিদ্ধান্তের জন্য প্রয়োজনীয় পরিবেশগত পর্যালোচনা প্রক্রিয়ার একটি অংশ। 2022 সালের আগস্ট মাসে EA জনগণের পর্যালোচনার জন্য উপলব্ধ হবে, যা CBDTP-এর সম্ভাব্য প্রভাবগুলিকে তুলে ধরবে। যদি ফেডেরাল সরকার প্রোগ্রামটির অনুমোদন দেয় তাহলে তা প্রয়োগ করা যেতে পারে।

## কীভাবে টোল নির্ধারিত হবে?

টোল নির্ধারণের দুটি উপায় রয়েছে:

1. অ্যাক্টে বলা হয়েছে যে CBDTP অবশ্যই:
   - CBD-তে প্রবেশ করার জন্য বা সেখানে থাকার জন্য প্যাসেঞ্জার গাড়িগুলিকে প্রতিদিন মাত্র একবার করেই চার্জ করবে
   - নির্ধারিত সময়ে বা তারিখে টোলের হার পরিবর্তন করবে (একে বলা হয় চলক টোলিং)
   - CBD-এর যে সমস্ত বাসিন্দা $60,000-এর কম আয় করেন তাদের প্রদান করা টোলের উপর New York স্টেট ট্যাক্স ক্রেডিটের অনুমতি দেবে
   - যোগ্য অনুমোদিত আপৎকালীন পরিষেবার গাড়ি এবং অক্ষমতা সম্পন্ন ব্যক্তিদের পরিবহনের জন্য দায়ী যোগ্য গাড়ির উপর টোল ধার্য করবে না
2. ট্র্যাফিক মোবিলিটি রিভিউ বোর্ড (Traffic Mobility Review Board - TMRB) TBTA-এর বোর্ডের জন্য টোল রেটের সুপারিশ করবে, যাদের টোল রেট নির্ধারণের ক্ষেত্রে শেষ সিদ্ধান্ত নির্ধারণের অধিকার রয়েছে। টোল রেট সুপারিশ করার আগে TMRB-কে অনেক বিষয় বিবেচনা করতে হবে, যার মধ্যে রয়েছে:
   - ট্র্যাফিক কীভাবে চলতে পারে
   - বায়ুর মান ও দূষণের উপর এর প্রভাব
   - খরচ
   - জনগণের উপর প্রভাব
   - নিরাপত্তা

## কীভাবে মানুষ অর্থপ্রদান করবেন এবং কীভাবে সেই অর্থ ব্যবহৃত হবে?

- কাস্টমাররা তাদের E-ZPass ব্যবহার করতে পারবেন। যদি তাদের E-ZPass না থাকে, তবে তারা মেইলের মাধ্যমে টোল ব্যবহার করতে পারবেন, যার অধীনে নথিভুক্ত গাড়ির মালিকের ঠিকানায় টোলের বিল পাঠিয়ে দেওয়া হয়। অন্যান্য বিকল্পগুলি পরে কোনও দিন ঘোষণা করা হবে।
- CBDTP চালানোর খরচ বহন করার পর, সেই টাকার 80 শতাংশ New York সিটি ট্রানজিটের উন্নতি ও আধুনিকীকরণের জন্য ব্যবহৃত হবে, যা সাবওয়ে ও বাসের পরিচালনা করে, 10 শতাংশ ব্যবহৃত হবে লং আইল্যান্ড রেইল রোড এবং 10 শতাংশ ব্যবহৃত হবে মেট্রো-নর্থ রেইলরোডের জন্য।

পরিবেশগত মূল্যায়নের ব্যাপারে আরও জানার জন্য বা CBDTP-এর আসন্ন ছয়টি জন শুনানিতে আপনি কীভাবে অংশগ্রহণ করতে পারেন সেই ব্যাপারে জানার জন্য, ভিজিট করুন:
**mta.info/CBDTP**

যদি জন শুনানির দরুন আপনি কোনও বক্তব্য পেশ করতে চান তাহলে ভিজিট করুন এখানে:
**mta.info/CBDTP**

ডাকযোগ: **CBD Tolling Program - 2 Broadway, 23rd Floor New York, NY 10004**

ইমেল: **CBDTP@mtabt.org**

ফোন: **646-252-7440**

ফ্যাক্স: **212-504-3148 [দ্রষ্টব্য: CBDTP টিম]**

## আরও জানুন

পরিবেশগত মূল্যায়নের ব্যাপারে আরও জানতে, একটি মন্তব্য জমা করুন বা ইমেলের মাধ্যমে আপডেট পাওয়ার জন্য সাইন আপ করুন, ভিজিট করুন mta.info/CBDTP ।